



ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

website: www.bb.org.bd

ডিওএস সার্কুলার লেটার নং-১৭

১৯ জ্যৈষ্ঠ ১৪২৯
তারিখঃ -----
০২ জুন ২০২২

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

পদ্মা ব্যাংক লিমিটেড-এর সহজে বিনিময়যোগ্য সম্পদ সংরক্ষণের বাধ্যবাধকতা শিথিলকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক কর্তৃক ২ জুন ২০২২ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন নং-ডিওএস(এসআর)/১১৫৩/১২০-
এ/২০২২-২৭২৫-এর অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতৎসঙ্গে প্রেরণ করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আনোয়ারুল ইসলাম)
পরিচালক (ডিওএস)
ফোন : ৯৫৩০০৯৩

বাংলাদেশ ব্যাংক
ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন
প্রধান কার্যালয়, ঢাকা।

নং-ডিওএস(এসআর)/১১৫৩/১২০-এ/২০২২-২৭২৫

তারিখঃ ১৯ জ্যৈষ্ঠ ১৪২৯
২ জুন ২০২২

প্রজ্ঞাপন

ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ (১৯৯১ এর ১৪ নং আইন) এর ১২১ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ ব্যাংক কর্তৃক সরকারের সহিত পরামর্শক্রমে ২৯ শ্রাবণ ১৪২৭ (১৩ আগস্ট ২০২০ ইং) তারিখে ডিওএস(এসআর)/ ১১৫৩/১২০-এ/২০২০-২১৬৬ সংখ্যক প্রজ্ঞাপনের মাধ্যমে উক্ত আইনের ৩৩ ধারার আওতায় পদ্মা ব্যাংক লিমিটেডের সিআরআর-এর অতিরিক্ত নগদ জমাসহ বাংলাদেশের অভ্যন্তরে সহজে বিনিময়যোগ্য সম্পদের রক্ষণীয় মাত্রা ব্যাংকটির মোট তলবি ও মেয়াদি দায়ের ২০২২ সালে অনূন ৯.৭৫ (নয় দশমিক সাত পাঁচ) শতাংশে এবং ২০২৩ সালে অনূন ১৩ (তেরো) শতাংশে নির্ধারণ করা হইয়াছিল।

এই পর্যায়ে উক্ত নির্দেশনা পরিমার্জনপূর্বক ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ১২১ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে বাংলাদেশ ব্যাংক, সরকারের সহিত পরামর্শক্রমে উক্ত আইনের ৩৩ ধারার আওতায় পদ্মা ব্যাংক লিমিটেডের সিআরআর-এর অতিরিক্ত নগদ জমাসহ বাংলাদেশের অভ্যন্তরে সহজে বিনিময়যোগ্য সম্পদের রক্ষণীয় মাত্রা ব্যাংকটির মোট তলবি ও মেয়াদি দায়ের ২০২২ সাল হইতে ২০২৪ সাল পর্যন্ত অনূন ৩.২৫ (তিন দশমিক দুই পাঁচ) শতাংশে, ২০২৫ সালে অনূন ৬.৫০ (ছয় দশমিক পাঁচ) শতাংশে এবং ২০২৬ সালে অনূন ৯.৭৫ (নয় দশমিক সাত পাঁচ) শতাংশে পুনঃনির্ধারণ করা হইল।

এই আদেশ ০১ জানুয়ারি ২০২২ তারিখ হইতে কার্যকর মর্মে গণ্য হইবে।

(এ, কে, এম সাজেদুর রহমান খান)
ডেপুটি গভর্নর
বাংলাদেশ ব্যাংক